96

ভোরের কাগজ

তারিখ ... 30 NOV 1997 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৩ ...

# ওসমানী মেডিকেল কলেজে ছাত্র-রাজনীতি নিয়ে গণভোট অচিরেই হবে

সিলেট প্রতিনিধি : ওসমানী মেডিকেল কলেজে ছাত্র-রাজনীতি পুনরায় চালু হবে কিনা এ নিয়ে সুবিধাজনক স্বল্পতম সময়ের মধ্যে গণভোট অনুষ্ঠানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

গত শুক্রবার রাতে ওসমানী মেডিকেল কলেজের অধ্যক্ষের বাসায় অনুষ্ঠিত এক বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়। এতে ওসমানী মেডিকেল কলেজের শিক্ষকবৃন্দ ছাড়াও আওয়ামী লীগ, বিএনপি, জাসদ ও জামাতে ইসলামীর নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ওসমানী মেডিকেল কলেজে কয়েকবছর যাবৎ ছাত্র রাজনীতি বন্ধ। এ অবস্থায় কর্তৃপক্ষ এবার ছাত্র সংসদ নির্বাচন করতে চেয়েছিলেন, কিন্তু ছাত্রদল ও ছাত্র শিবিরসহ কয়েকটি সংগঠনের প্রতিবাদের কারণে তা সম্ভব হয়নি। পরে এ ব্যাপারে গত ২৭ নভেম্বর গণভোটের উদ্যোগ নেওয়া হয়।